P/E

দৈনিক বাংলা

তারিখ 07 SEP 1986
পৃষ্ঠা 1 কলাম 2

014

# এ বছর এক হাজার প্রাথমিক বিদ্যালয় সরকারী করা হবে

খুলনা, ৬ই সেপ্টেম্বর।— শিক্ষামন্ত্রী মমিনউদ্দিন আহমদ বলেছেন জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তরিত করার প্রথম দায়িত্ব প্রাথমিক শিক্ষকদের। জনসংখ্যা বিস্ফোরণ সমস্যারোধে তারা জনগণকে অধিকতর সচেতন করে তুলতে পারেন। খবর তথ্য বিবরণীর।

তিনি গতকাল খুলনার প্রাই-

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## সরকারী করা হবে

(প্রথম পৃঃ পর)

মারী টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট প্রাঙ্গনে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির দেয়া এক সম্বর্ধনা সভায় ভাষণ দিচ্ছিলেন।

তিনি বলেন, চলতি অর্থ বছরে এক হাজার প্রাথমিক বিদ্যালয় সরকারীকরণ করা হবে। এছাড়া প্রতিটি উপজেলার চারটি করে শিক্ষাপ্রতিষ্ঠানের বড় ধরনের মেরামত ও দুটি করে শিক্ষা প্রতিষ্ঠানের সাধারণ সংস্কার করার কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

জনাব মমিনউদ্দিন আরো উল্লেখ করেন যে দেশের বর্তমান অবস্থার প্রেক্ষিতে অভিজ্ঞতার আলোকে ও আলাপ-আলোচনার মাধ্যমে সরকার একটি দেশোপযোগী শিক্ষানীতি প্রণয়নে আগ্রহী। তিনি আলাপ-আলোচনার মাধ্যমে প্রাথমিক শিক্ষকদের ন্যায্য দাবী দাওয়া ও সমস্যাবলী সমাধানে তার পূর্ণ সহযোগিতার আশ্বাস প্রদান করেন। তিনি শিক্ষকদের সম্মান ও মর্যাদা অক্ষুন্ন রেখে ব্যক্তিগত স্বার্থের উর্ধ্বে থেকে সঠিকভাবে দায়িত্ব পালনের জন্য শিক্ষকদের প্রতি আহবান জানান।

সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি।

সন্ধ্যায় শিক্ষামন্ত্রী শিক্ষক সমিতি আয়োজিত এক সাংস্কৃতিক অনুষ্ঠানে যোগদান করেন। খবর তথ্য বিবরণীর।